



প্রভাবিত হয়ে শাপলা প্রতীক দিতে গড়িমসি করছে ইসি: সারজিস আলম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম অভিযোগ করেছেন, নির্বাচন কমিশন (ইসি) প্রভাবিত হয়ে দলটিকে ‘শাপলা’ প্রতীক দিচ্ছে না। তিনি বলেন, ইসির এমন আচরণ স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ার প্রতি প্রশ্ন তোলে এবং জনগণের আস্থা নষ্ট করছে।

নির্বাচন কমিশন (ইসি) অন্য কারও প্রভাবে প্রভাবিত হয়ে জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) ‘শাপলা’ প্রতীক দিচ্ছে না—এমন অভিযোগ তুলেছেন দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তার দাবি, ইসির এ গড়িমসি গণতান্ত্রিক চেতনার পরিপন্থী এবং এতে রাজনৈতিক দলগুলোর প্রতি বৈষম্যমূলক আচরণের ইঙ্গিত মেলে।

মঙ্গলবার (৭ অক্টোবর) রাতে চাঁপাইনবাবগঞ্জের একটি রেন্টোয়ায় জেলা ও উপজেলা কমিটির সমন্বয় সভায় যোগ দিয়ে সারজিস এসব অভিযোগ করেন।

তিনি বলেন, “ইসি যদি নিরপেক্ষভাবে দায়িত্ব পালন না করে, তাহলে জনগণের ভোটাধিকার হুমকির মুখে পড়বে। এনসিপির সঙ্গে তাদের আচরণ একেবারেই অযৌক্তিক ও স্বৈচ্ছাচারিতার শামিল।”

সভায় উপস্থিত নেতা-কর্মীদের উদ্দেশ্যে সারজিস আরও বলেন, “উপদেষ্টারা দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণে যেসব সংস্কারমূলক পদক্ষেপ নিয়েছেন, সেগুলো ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। মানুষকে জানাতে হবে যে এনসিপি জনগণের কল্যাণের জন্যই রাজনীতি করে।”

বিএনপির প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে তিনি বলেন, “বর্তমান প্রেক্ষাপটে কোনো রাজনৈতিক দলের ২০ শতাংশ ভোট নিশ্চিত নয়। এখন মানুষ অন্ধভাবে কোনো দল বা প্রতীকে ভোট দেবে না। তারা এমন দলকেই নির্বাচিত করবে, যাদের ওপর দেশের ভবিষ্যৎ নিরাপদ হাতে তুলে দেওয়া যায়।”

প্রসঙ্গত, আসন্ন ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনকে সামনে রেখে সারাদেশে দলীয় কাঠামো শক্তিশালী ও কর্মীদের উজ্জীবিত করতে এনসিপি নেতারা ধারাবাহিক সফরে রয়েছেন। এই কর্মসূচির অংশ হিসেবে সারজিস আলম উত্তরাঞ্চলের বিভিন্ন জেলায় সভা ও মতবিনিময় করছেন।